দৈনিক ইত্তেফাক

তারিখ MAY 31 1999

পৃষ্ঠা ১৬ কলাম ২

## শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীতে গমের পরিবর্তে চাউল প্রদানের সিদ্ধান্ত

শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীতে গমের পরিবর্তে চাউল বরাদ্দ করা হইয়াছে। খাদ্য মন্ত্রণালয় গতকাল রবিবার এই কর্মসূচীর চলতি অর্থবছরের ৪র্থ কোয়ার্টারের (এপ্রিল-জুন) বরাদ্দ প্রদান করিয়াছে। ইহাতে জুন মাসে ৭৫ হাজার মেট্রিক টন চাউল সরকারী গুদাম হইতে উত্তোলন ও বিতরণ হইবে বলিয়া আশা করা যায়। উল্লেখ্য, ইতিমধ্যেই চলতি অর্থবছরে এই কর্মসূচীতে ২ লক্ষ ৯৭ হাজার টন গম বরাদ্দ দেওয়া হইয়াছিল। –তথ্য বিবরণী

## সংবাদপত্র হকারদের আইডি কার্ড যাচাইর অনুরোধ

ঢাকা সংবাদপত্র হকার্স বহুমুখী সমবায় সমিতি লিঃ ও সংবাদপত্র হকার্স কল্যাণ বহুমুখী সমবায় সমিতি লিঃ-এর এক বিজ্ঞপ্তিতে প্রকৃত হকারদের তাহাদের আইডি কার্ড ও প্রত্যয়নপত্র আগামী ৩রা জুনের মধ্যে নিজ নিজ সমিতি হইতে যাচাই-বাছাই করার জন্য অনুরোধ করা হইয়াছে। উক্ত সময়ের পর কাহারও নিকট যাচাই ব্যতীত প্রত্যয়নপত্র ও আইডি কার্ড থাকিলে তাহা বাতিল বলিয়া গণ্য হইবে।

## কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির ৮ দফা মানিয়া নেওয়ার আহবান

ইত্তেফাক রিপোর্ট ॥ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি গতকাল (রবিবার) জাতীয় প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে অবিলম্বে সমিতির ৮ দফা দাবী মানিয়া নেওয়ার জন্য সরকারকে আহবান জানাইয়াছে। দাবীসমূহ যথাক্রমেঃ শিক্ষা ব্যবস্থা জাতীয়করণের লক্ষ্যে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষক-কর্মচারীদের বেতন ৮০% হইতে ১০০%-এ উন্নীত করা, উৎসব ভাতা ও যথোপযুক্ত বাড়ীভাড়া প্রদান, জনবল কাঠামো ১৯৯৫ বাতিল, ট্রাষ্টি বোর্ডের কার্যক্রম চালু, বেতনের সরকারী অংশকে আয়কর মুক্ত করা ইত্যাদি। সমিতির সভাপতি ডঃ ম আকতারুজ্জামান সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন। অধ্যক্ষ মোঃ শাহজাহান, ডঃ রঙ্গলাল সেন, এম এ বারী, দিলওয়ারা ইসলাম প্রমুখ সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন।